যুগান্তর

তারিখ 26 SEP 2017
পৃষ্ঠা ২ কলাম ৫

# ঢাবির 'খ' ইউনিটে ১৬.৫৬% উত্তীর্ণ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষায় ১৬ দশমিক ৫৬ ভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। সোমবার প্রকাশিত ফলাফল থেকে এ তথ্য জানা গেছে। ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এ ফলাফল প্রকাশ করেন। ২২ সেপ্টেম্বর 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তিচ্ছু মোট ৩৬ হাজার ৭৫৩ জন ছাত্রছাত্রীর মধ্যে ৩১ হাজার ৩৩৬ জন পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৫ হাজার ১৮৮ জন উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ হতে পারেনি ২৬ হাজার ১৪৫ জন। উত্তরপত্র বাতিল হয়েছে ৩টি। 'খ' ইউনিটে মোট আসন সংখ্যা রয়েছে ২ হাজার ৩৬৩টি। পরীক্ষার বিস্তারিত ফলাফল এবং ভর্তি প্রক্রিয়া সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) থেকে জানা যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, [illegible] | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর